গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
শের-ই-বাংলা নগর, ঢাকা।

**প্রেস বিজ্ঞপ্তি**
**৩০ জুন ২০১৫, মঙ্গলবার**

আজ মঙ্গলবার, ৩০ জুন ২০১৫ তারিখ বেলা ৩.৩০ ঘটিকায় বিশ্বব্যাংকের অর্থায়নে "Bangladesh Urban Resilience Project (URP)" শীর্ষক প্রকল্প বাস্তবায়নের জন্য বাংলাদেশ সরকার এবং বিশ্বব্যাংকের মধ্যে ১৭৩ (একশত তিয়াত্তর) মিলিয়ন ইউ.এস. ডলারের একটি ঋণচুক্তি শের-ই-বাংলা নগরস্থ অর্থনৈতিক সম্পর্ক বিভাগের এনইসি-২ সম্মেলন কক্ষে স্বাক্ষরিত হয়। URP শীর্ষক আমব্রেলা প্রকল্পের মাধ্যমে শহর এলাকায় বৃহদাকারের দূর্যোগ/জরুরি অবস্থা মোকাবিলা ও আপদকালীন উদ্ধার কার্যক্রম সফল ও কার্যকরভাবে পরিচালনার লক্ষ্যে সরকারি সংস্থাসমূহের দক্ষতা ও সক্ষমতা বৃদ্ধির ব্যবস্থা গ্রহণ করা হবে। প্রস্তাবিত URP প্রকল্পের আওতায় মোট ৪টি কম্পোনেন্ট রয়েছে। প্রকল্পের কম্পোনেন্টসমূহ বাস্তবায়নের লক্ষ্যে পৃথক ৪টি ডিপিপি প্রণয়ন করা হয়েছে। এ ৪টি উপ-প্রকল্প বাস্তবায়নের দায়িত্ব ঢাকা উত্তর সিটি কর্পোরেশন (DNCC), রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (RAJUK), দূর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর (DDM) ও প্রকল্প সমন্বয় ও মনিটরিং ইউনিট (PCMU), কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশনের। ১ম পর্যায়ে URP প্রকল্পের আওতায় ঢাকা ও সিলেট শহরের দূর্যোগ মোকাবিলার জন্য কার্যক্রম গ্রহণ করা হবে।

**কম্পোনেন্ট-১: Reinforcement of Emergency Management Response Capacity (US$110 million):** ঢাকা উত্তর সিটি কর্পোরেশন এবং দূর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িতব্য এই কম্পোনেন্টের আওতায় স্থানীয় ও জাতীয় পর্যায়ে দেশের জরুরি অবস্থা মোকাবেলার সক্ষমতা বৃদ্ধি করা হবে। এক্ষেত্রে জাতীয় পর্যায়ে একটি Disaster Response Coordination Center এবং Disaster Management Research and Training Institute নির্মাণ করা হবে।

**কম্পোনেন্ট-২: Program on Assessment of Vulnerability of Critical and Essential Facilities (US$12 million):** রাজউক কর্তৃক বাস্তবায়িতব্য এই কম্পোনেন্টের আওতায় বিভিন্ন স্থাপনার ঝুঁকি নিরূপন এবং ঝুঁকিমুক্ত উপায়ে ভূমি ব্যবহারে সহায়তা করা হবে।

**কম্পোনেন্ট-৩: Improved Construction, Urban Planning, and Development (US$41 million):** রাজউকের আওতাধীন এই কম্পোনেন্টের মাধ্যমে ঢাকা শহরের দীর্ঘ মেয়াদী দূর্যোগ ব্যবস্থাপনার একটি প্রাতিষ্ঠানিক কাঠামো নির্মাণ করা হবে।

**কম্পোনেন্ট-৪: Project Implementation, Monitoring, and Evaluation (US$10 million):** পিসিএমইউ, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন কর্তৃক বাস্তবায়িতব্য এই কম্পোনেন্টের মাধ্যমে উপরের বর্ণিত তিনটি উপ প্রকল্পের মধ্যে সমন্বয় সাধন, মূল্যায়ন ও পরিবীক্ষণ করা হবে।

বাংলাদেশ সরকারের পক্ষে অর্থনৈতিক সম্পর্ক বিভাগের সিনিয়র সচিব মোহাম্মদ মেজবাহউদ্দিন এবং বিশ্বব্যাংকের পক্ষে ঢাকা অফিসের অপারেশন অ্যাডভাইজার Christine E. Kimes উক্ত ঋণচুক্তিতে স্বাক্ষর করেন। সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার প্রতিনিধিসহ বাংলাদেশ সরকার ও বিশ্বব্যাংকের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

উপর্যুক্ত ঋণের উপর বিশ্বব্যাংককে Disbursed Amount এর উপর বার্ষিক ০.৭৫% হারে সার্ভিস চার্জ প্রদান করতে হবে। এ ঋণের অর্থ ৬ (ছয়) বছরের Grace Period সহ ৩৮ (আটত্রিশ) বছরে পরিশোধ করতে হবে। প্রকল্পটি ঢাকা উত্তর সিটি কর্পোরেশন (DNCC), রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (RAJUK), দূর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর (DDM) ও প্রকল্প সমন্বয় ও মনিটরিং ইউনিট (PCMU), কার্যক্রম বিভাগের সমন্বয়ে এপ্রিল ২০১৫ থেকে জুন ২০২০ মেয়াদে বাস্তবায়িত হবে।

30.06.15
(সাইয়েদা ফয়জুন্নেছা)
সহকারী প্রধান